# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৪৯

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. সাহ্উ সিজদা ও অন্যান্য সিজদা প্রসঙ্গ - খুশির সংবাদ পেয়ে কৃতজ্ঞতার সিজদাহ দেওয়া শরীয়তসম্মত

---

আরবী

وَعَنْ الْبَرَاءِ بْنِ عَازِبٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ بَعَثَ عَلِيًّا إِلَى الْيَمَنِ ـ فَذَكَرَ الْحَدِيثَ ـ قَالَ: فَكَتَبَ عَلِيٌّ ـ رضي الله عنه ـ بِإِسْلَامِهِمْ, فَلَمَّا قَرَأَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ الْكِتَابَ خَرَّ سَاجِدًا. رَوَاهُ الْبَيْهَقِيُّ وَأَصْلُهُ فِي الْبُخَارِيِّ

صحيح. انظر ما قبله. رواه البيهقي (2/ 369) وقال: «أخرج البخاري صدر هذا الحديث ... فلم يسقه بتمامه، وسجود الشكر في تمام الحديث صحيح على شرطه

انظر (8/ 65 / فتح) ووقع في رواية الإسماعيلي مثل ما وقع في «سنن البيهقي» كما قال الحافظ في الفتح

বাংলা

৩৪৯. বারা’আ বিন ’আযিব (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’আলী (রাঃ)-কে ইয়ামানে পাঠিয়েছিলেন। অতঃপর বর্ণনাকারী দীর্ঘ হাদীস বর্ণনা করার পর বলেন, ’আলী (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পত্রদ্বারা ইয়ামেনবাসীদের ইসলাম ধর্ম গ্রহণের সংবাদ জানিয়েছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত পত্র পাঠান্তে আল্লাহর নিকট শুকরিয়া জ্ঞাপনের উদ্দেশে সিজদা করলেন-বাইহাকী। এর মূল বক্তব্য বুখারীতে রয়েছে।[1]

## ফুটনোট

[1] বাইহাকী ২/৩৬৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70160

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন